



২৩ মার্চ ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচারবিভাগে কর্মরত প্রতিবন্ধী কর্মকর্তা/ কর্মচারীগণের সংখ্যা নির্ণয় করে ১০ কর্ম দিবসের মধ্যে তথ্য সরবরাহের নির্দেশ তথ্য কমিশনের

২২ মার্চ ২০১৬ তারিখ শারীরিক প্রতিবন্ধী জনাব ফিরোজ উদ্দিন কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি), জুডিশিয়াল সার্ভিস কমিশন (জেএসসি), সরকারের আইন ও বিচার বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় মানবাধিকার কমিশনের বিরুদ্ধে দায়ের করা ০৫ টি অভিযোগের প্রেক্ষিতে তথ্য কমিশন এর কার্যালয়ে পৃথক পৃথক শুনানী অনুষ্ঠিত হয়। শুনানী অন্তে তথ্য কমিশন আইন ও বিচার বিভাগে কর্মরত প্রতিবন্ধী কর্মকর্তা/কর্মচারীগণের সংখ্যা নির্ণয় করে আগামী ১০ কর্ম দিবসের মধ্যে (০৫ এপ্রিল ২০১৬) অভিযোগকারীকে সরবরাহ করার জন্য উক্ত সংস্থার সংশ্লিষ্ট তথ্য কর্মকর্তাকে আদেশ প্রদান করেন। একই সাথে প্রতিবন্ধী কর্মকর্তা/কর্মচারীদের কাজের সুবিধার্থে কি কি বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এতদ সংক্রান্ত তথ্য প্রদানের আদেশও প্রদান করা হয়। শুনানী চলাকালীন সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্তৃক প্রত্যাশিত তথ্য সরবরাহ করার মাধ্যমে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের নিষ্পত্তি করা হয়। পিএসসি, জেএসসি ও মানবাধিকার কমিশনের বিরুদ্ধে তথ্য প্রদান না করা সংক্রান্ত অভিযোগের শুনানী ও নিষ্পত্তির তারিখ আগামী ১৯ এপ্রিল ২০১৬ তারিখে পুনঃনির্ধারণ করা হয়।

উল্লেখ্য যে, অভিযোগকারী ফিরোজ উদ্দিন বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর একজন ইক্যুয়ালিটি ফেলো হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মের অধিকার সংক্রান্ত একটি গবেষণার অংশ হিসেবে উক্ত সংস্থাসমূহের নিকট প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ধারিত চাকুরির কোটা, প্রতিবন্ধী কর্মীদের স্বচ্ছন্দ ও কাজের সুবিধার্থে গৃহিত যুক্তিসাপেক্ষ ব্যবস্থায়ন ও বিভিন্ন নিয়োগ পরীক্ষার প্রাপ্ত নম্বর সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্য সরবরাহ করার জন্য ২০১৫ সালের নভেম্বর মাসে আইনানুযায়ী আবেদন করেন। নির্দিষ্ট সময়ে তথ্য না পাওয়ায় তিনি নিয়মানুযায়ী আপিল করেন। আপিলেও তথ্য না পাওয়ায় তিনি গত ১১ জানুয়ারি ২০১৬ তারিখে তথ্য অধিকার আইনে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

শুনানীতে অভিযোগকারির পক্ষে ব্লাস্টের পরিচালক ও আইন উপদেষ্টা ও সুপ্রিমকোর্টের আইনজীবী, জনাব এস এম রেজাউল করিম, তাঁকে সহায়তা করেন ব্লাস্টের জ্যেষ্ঠ গবেষক এ্যাড. রেজাউল করিম সিদ্দিকী। শুনানীর সময় আইন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও জেএসসি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আত্মপক্ষ সমর্থন করে বক্তব্য উপস্থাপন করেন। জেএসসি এর প্রতিনিধি এ সময় যুক্তি উপস্থাপন করেন যে, যেহেতু জেএসসি বিধিমালা অনুসারে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কোটা রাখার কোন বাধ্যবাধকতা নাই এবং সরকারী প্রকল্পপনে বর্ণিত ১% কোটা জেএসসি এর জন্য প্রযোজ্য নয় সেহেতু কতজন প্রতিবন্ধী অফিসার জেএসসি কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়েছেন সে সংক্রান্ত কোন তথ্য তারা সংগ্রহ করেন না। পিএসসি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর পক্ষে কেউ শুনানীতে উপস্থিত না হলেও তিনি লিখিতভাবে কমিশনকে এ মর্মে অবহিত করেন যে উচ্চআদালতে দায়েরকৃত কয়েকটি রিট পিটিশন বিচারার্থিন থাকায় উক্ত মামলা সমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চাহিত তথ্য প্রদান করা সম্ভব নয়। জাতীয় মানবাধিকার কমিশনের দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা বা তাঁর পক্ষে কোন ব্যক্তি শুনানীতে উপস্থিত হননি।

এ সময় ব্লাস্ট এর পক্ষে এস এম রেজাউল করিম, পরিচালক ও আইন উপদেষ্টা, ব্লাস্ট বলেন যে, “সরকারি কর্মে ১% কোটা সংরক্ষণ সংক্রান্ত প্রকল্পপন জেএসসি কর্তৃক নিয়োগের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তিনি আরও বলেন প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর তফসিল এর কর্মসংস্থান সংক্রান্ত দফা- ১০ অনুযায়ীও জেএসসি'র চাকুরিবিধিতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কোটা সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে।। পিএসসি'র উপস্থাপিত যুক্তিপ্রসঙ্গে তিনি বলেন, ২৮ তম থেকে ৩৩ তম বিসিএস পরীক্ষা নিয়ে কোন মামলা বিচারার্থিন না থাকায় এ সকল পরীক্ষা সংক্রান্ত তথ্যের বিষয়ে শুনানীতে কোন বাধা নাই। তবে পিএসসি'র উপর তথ্য অধিকার আইনের প্রযোজ্যতা সংক্রান্ত রিট মামলায় মহামান্য হাইকোর্টের আদেশ পর্যালোচনা করেই শুনানী করা শ্রেয়তর বলে তিনি মন্তব্য করেন। অভিযোগকারির পক্ষে এ্যাড. রেজাউল করিম সিদ্দিকী বলেন কেবল প্রতিবন্ধী কোটায় নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের তালিকা সংরক্ষণ নয় বরং মেধাকোটায় নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কোন প্রতিবন্ধী ব্যক্তি থাকলে তাদের তালিকা সংরক্ষণ করাও প্রত্যেক প্রতিষ্ঠান ও সংস্থার দায়িত্ব। তিনি বলেন আইনানুযায়ী প্রতিবন্ধী কর্মীদের জন্য যুক্তিসাপেক্ষ ব্যবস্থা সহ অন্যান্য ব্যবস্থা গ্রহণের স্বার্থেই এ তালিকা সংরক্ষণ করা প্রয়োজন। প্রতিবন্ধী নিয়োগসূতরাং তাদের উচিত এ সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও প্রয়োজন যোতাবেক সরবরাহ করা।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩